

💵 আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ উহুদ যুদ্ধ (غَزْوَةُ أُحُدٍ)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

উহুদ প্রান্তে অবশিষ্ট ইসলামী সেনাবাহিনী (يَقِيَّةُ الْجَيْشِ الْإِسْلاَمِيْ إِلَى أُحُدِ):

মুনাফিকদের এ শঠতা ও প্রত্যাবর্তনের পর রাস্লুল্লাহ (ﷺ) অবশিষ্ট সাতশ জন সৈন্য নিয়ে শক্রবাহিনীর দিকে ধাবিত হলেন। শক্রদের শিবির তাঁর মাঝে ও উহুদের মাঝে কয়েক দিক থেকে বাধা সৃষ্টি করছিল। তাই, তিনি প্রশ্ন করলেন, 'শক্রদের পাশ দিয়ে গমন ছাড়াই ভিন্ন কোন পথ দিয়ে আমাদেরকে নিয়ে যেতে পারে এমন কেউ আছে কি?' এ প্রশ্নের জবাবে আবূ খাইসামা (রাঃ) আর্য করলেন, 'হে আল্লাহর রাসূল (ﷺ)! এ খিদমতের জন্যে আমি হাযির আছি।" অতঃপর তিনি এক সংক্ষিপ্ত পথ অবলম্বন করলেন, যা মুশরিকদের সেনাবাহিনীকে পশ্চিম দিকে ছেড়ে দিয়ে বনু হারিসা গোত্রের শস্য ক্ষেত্রের মধ্য দিয়ে চলে গিয়েছিল।

এ পথ ধরে যাবার সময় তাদেরকে মিরবা' ইবনু কাইযীর বাগানের মধ্য দিয়ে যেতে হয়। এ লোকটি মুনাফিক ছিল এবং অন্ধও ছিল। সে সেনাবাহিনীর আগমন অনুধাবন করে মুসলিমগণের মুখমণ্ডলে ধূলো নিক্ষেপ করল এবং বলতে লাগল, 'আপনি যদি আল্লাহর রাসূল (ﷺ) হন তবে জেনে রাখুন যে, আমার বাগানে আপনার প্রবেশের অনুমতি নেই।"

তার এ কথা শোনা মাত্র মুসলিমরা তাকে হত্যা করতে উদ্যত হল। কিন্তু রাস্লুলাহ (إلَّا يَقْتُلُوْهُ، فَهٰذَا الْأَعْمٰى الْقَلْبِ أَعْمٰى الْبَصَرِ)

'তাকে হত্যা করো না, সে অন্তর ও চোখের অন্ধ।"

তারপর নাবী কারীম (ﷺ) সম্মুখে অগ্রসর হয়ে উপত্যকার শেষ মাথায় অবস্থিত উহুদ পাহাড়ের ঘাটিতে অবতরণ করেন এবং সেখানে মুসলিম বাহিনীর শিবির স্থাপন করিয়ে নেন। সামনে ছিল মদীনা ও পিছনে হল সুউচ্চ উহুদ পর্বত। এভাবে শক্রদের বাহিনী মুসলিম ও মদীনার মাঝে পৃথককারী সীমানা হয়ে গেল।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6239

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন